# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ০৯ জুন ২০২২, দুপুর ০২.০০ টা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, প্রশিক্ষণ ভবন (৪র্থ তলা), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য (সরাসরি) । |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব মো: আমিনুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য সূচী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ১০৩তম সভা ১৫ মার্চ, ২০২২ খ্রি: রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ০১ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী স্মারক নং-১২.০৪.০০০০.০১০.৩০.০০৮.২২.১০৬২, ১৪/০৭/২০২২ খ্রি: তারিখে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। আলোচনা শেষে কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত: ঐক্যমতের ভিত্তিতে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার কার্যবিবরণীটি নিশ্চিতকরণ করা হলো।**

**আলোচ্য বিষয় ২: ২০২১-২২ খরিফ-২ মৌসুমে আমন হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপুর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

২০২১-২২ খরিফ-২ মৌসুমে আমন হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ১১ (এগার)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে ১৭ (সতের)টি আমন হাইব্রিড জাতের বীজের নমুনা আঞ্চলিক পরীক্ষার জন্য পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**১ম বর্ষ মোট ১০টি:**

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Trial Year |
|---|---|---|---|---|
| 1. | Aftab Bahumukhi Farms Ltd. | Aftab Hybrid dhan5 (IAHS 100.002) | India | 1st Year |
| 2. | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan1 (27P34) | India | 1st Year |
| 3. | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan7(ZYR-8) | China | 1st Year |
| 4. | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan8 | China | 1st Year |
| 5. | Petrochem Agro Industries Ltd. | Petrochem Hybrid dhan7 (Pioneer 27P37) | India | 1st Year |

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Trial Year |
|---|---|---|---|---|
| 6. | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan10 (H7002) | India | 1st Year |
| 7. | Supreme Seed Co. Ltd. | Supreme Hybrid Heera30 (WR-1907) | China | 1st Year |
| 8. | Supreme Seed Co. Ltd. | Supreme Hybrid dhan18 (PAN-8385) | India | 1st Year |
| 9. | Explore Business Ltd. | Explore Hybrid dhan8 (Indam-10-394) | India | 1st Year |
| 10 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan2 (27P38) | India | 1st Year |

**২য় বর্ষ মোট ০৭টি:**

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Trial Year |
|---|---|---|---|---|
| 1. | BRAC | BRAC Hybrid dhan20 (Shakti4) | Bangladesh | 2nd Year |
| 2. | Mahyco Bangladesh (Pvt.) Ltd | Mahyco Hybrid dhan7 (MRP-5407) | India | 2nd Year |
| 3. | Mahyco Bangladesh (Pvt.) Ltd | Mahyco Hybrid dhan8 (MRP-5409) | India | 2nd Year |
| 4. | ACI Limited | ACI Hybrid dhan16 (Mainshail 1) | Bangladesh | 2nd Year |
| 5 | AUS-Bangla agro | AUS-Bangla Hybrid dhan1 | Bangladesh | 2nd Year |
| 6. | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan9 (S-1203) (RH-664) | India | 2nd Year |
| 7. | Supreme Seed Co. Ltd. | Supreme Hybrid dhan14 (Heera14) (SHD-9544) | Bangladesh | 2nd Year |

উক্ত ১৭টি হাইব্রিড জাতের সাথে ৩টি চেক জাত ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। ১টি সেটে (কোড নং H-1507 থেকে H-1526) ২০টি জাত (৩টি চেকজাত ব্রি হাইব্রিড ধান৪, ব্রি হাইব্রিড ধান৬, ব্রি ধান৮৭ সহ) বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়।

দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ০৭টি আমনের হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ২টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৬ হতে সর্বনিম্ন মাত্রা ৫% এর চেয়ে বেশি হেটারোসিস হয়েছে এবং ৫টি জাত ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেকজাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৬ হতে সর্বনিম্ন মাত্রা ৫% এর বেশি হেটারোসিস পাওয়া গিয়েছে। উল্লেখ্য, এই ৭টি জাতের ১ম বছরের ট্রায়ালে চেকজাত ব্রি হাইব্রিড ধান৬ ব্যবহার করা হয়েছে। তাই ২য় বছরের ট্রায়ালেও চেকজাত ব্রি হাইব্রিড ধান৬ ব্যবহার করে ফলাফল তৈরী করা হয়েছে।

**পতাকা "ক" প্রস্তাবিত আমন হাইব্রিড ২০২১-২২ এর জাতগুলোর বিবরণ**

| ক্রম | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি হাইব্রিড ধান৬ এর গড় ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস (%) | অনফার্ম হেটারোসিস (%) | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ব্র্যাক হাইব্রিড ধান২০ BRAC Hybrid dhan20 (Shakti4) উৎস: বাংলাদেশ | ব্র্যাক | ফলন: ৬.০৮ জীবনকাল: ১১৫ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | ডিগপাতা চওড়া ও শীষ উপরের দিকে থাকে | চট্টগ্রাম | ২৬.১৫ | ২৮.৫৩ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ২৩.৪০ | ২৩.৮৬ | |
| | | | | | | রাজশাহী | ৩৩.১৪ | ১১.২৭ | |
| | | | | | | রংপুর | ৩৩.৯০ | ১৭.৭৪ | |
| | | | | | | বরিশাল | ১১.৭৩ | ৭.৩৭ | |
| ২ | এসিআই হাইব্রিড ধান১৬ ACI Hybrid dhan16 (Minishail 1) উৎস: বাংলাদেশ | এসিআই লিমিটেড | ফলন: ৬.০৬ জীবনকাল ১১৮ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | চাল চিকন | চট্টগ্রাম | ২৮.৭৪ | ২৮.৭১ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৯.২০ | ২৩.৪৫ | |
| | | | | | | রাজশাহী | ২৪.৭০ | ১২.৬১ | |
| | | | | | | রংপুর | ৩২.১৪ | ২৯.৬৪ | |
| | | | | | | বরিশাল | ৮.৬৫ | ১০.৬০ | |
| ৩ | মাহিকো হাইব্রিড ধান৭ (MRP-5407) Mahyco Hybrid dhan8 (MRP-5409) উৎস:ভারত | মাহিকো বাংলাদেশ প্রা: লি: | ফলন: ৫.৯৭ জীবনকাল ১১৮ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | চালে অ্যামাইলোজের পরিমাণ বেশি | চট্টগ্রাম | ১২.৬৪ | ১৫.৫৮ | চট্টগ্রাম,খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ১৩.১৫ | ১৫.৪৪ | |
| | | | | | | রংপুর | ১০.১৯ | ১৯.৩২ | |

| ক্রম | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি হাইব্রিড ধান৬ এর গড় ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস (%) | অনফার্ম হেটারোসিস (%) | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৪ | মাহিকো হাইব্রিড ধান৮ (MRP-5409) Mahyco Hybrid dhan8 (MRP-5409) উৎস: ভারত | মাহিকো বাংলাদেশ প্রা: লি: | ফলন: ৬.১৪ জীবনকাল ১২২ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | চাল মোটা | চট্টগ্রাম | ৩০.৮১ | ৩১.১৩ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ২৪.৭০ | ১৮.৫৮ | |
| | | | | | | রংপুর | ৪৫.৯১ | ১৬.১৯ | |
| | | | | | | বরিশাল | ১২.৪২ | ১৭.১৩ | |
| ৫ | **অস-বাংলা হাইব্রিড ধান১** (AUS-Bangla Hybrid dhan1 AUS 2A/5R) উৎস:বাংলাদেশ | অস-বাংলা এগ্রো | ফলন: ৫.৫৩ জীবনকাল ১১৭ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | চাল চিকন লম্বা | ঢাকা | ১৮.৬৮ | ১০.৭০ | সারাদেশে |
| | | | | | | চট্টগ্রাম | ৯.০৯ | ১১.১৯ | |
| | | | | | | রংপুর | ২৮.২৬ | ১৯.০০ | |
| | | | | | | বরিশাল | ৬.৭৩ | ৬.৪১ | |
| ৬ | সিনজেনটা হাইব্রিড ধান৯ Syngenta Hybrid dhan9 (S-1203) (RH-664+) উৎস:ভারত | সিনজেনটা বাংলাদেশ লি: | ফলন: ৫.৩০ জীবনকাল ১১৯ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | গাছের উচ্চতা ১১৮ সেমি. | চট্টগ্রাম | ৭.৫৭ | ৫.৯৩ | চট্টগ্রাম, রংপুর ও বরিশাল |
| | | | | | | রংপুর | ৬.১৫ | ১৩.৯৩ | |
| | | | | | | বরিশাল | ৬.৯৪ | ২৭.৪৫ | |
| ৭ | সুপ্রীম হাইব্রিড ধান১৪ Supreme Hybrid dhan14 (Heera14 SHD-9544) উৎস:বাংলাদেশ | সুপ্রীম সীড কো: লি: | ফলন: ৫.৭৭ জীবনকাল: ১২২ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | ফ্লাগলিফ খাড়া ও সবুজ, চাল চিকন | চট্টগ্রাম | ১৪.৫১ | ১৬.৪৭ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৭.১৮ | ৭.৮৯ | |
| | | | | | | রংপুর | ২৯.৬৮ | ২৩.২৯ | |
| | | | | | | বরিশাল | ১৯.০৪ | ১৯.৫৪ | |

বি:দ্র: চেক জাত ব্রি হাইব্রিড ধান৬ এর গড় ফলন ব্যবহার করা হয়েছে।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ ও ২০২১-২২ খরিফ-২ মৌসুমে ট্রায়ালকৃত আমন ধানের ৭টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৬) এর চেয়ে ৫% হেটোরোসিস বেশী হওয়ায় ২টি জাত (১) মাহিকো হাইব্রিড ধান৭: **Mahyco Hybrid dhan7 (MRP-5407)** (২) সিনজেনটা হাইব্রিড ধান৯ : **Syngenta Hybrid dhan9 (s-1203) (RH-664+)** অঞ্চল ভিত্তিক এবং ৫টি জাত (১) মাহিকো হাইব্রিড ধান৮ : **Mahyco Hybrid dhan8 (MRP-5409)** (২) ব্রাক হাইব্রিড ধান২০ : **BRAC Hybrid dhan20 (Shakti4)** (৩) এসিআই হাইব্রিড ধান১৬ : **ACI Hybrid dhan 16 (Minishail1)** (৪) অস-বাংলা হাইব্রিড ধান১ : **AUS-Bangla Hybrid dhan1(AUS 2A/5R)** (৫) সুপ্রীম হাইব্রিড ধান১৪ : **Supreme Hybrid dhan14 (Heera14, SHD-9544)** সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি খরিফ-২ মৌসুমে আমন ধানের জাত ছাড়করণ।**

**BR(Bio)8961-AC-26-16 (ব্রি ধান১০৩)** : ব্রি ধান১০৩ এর কৌলিক সারি BR(Bio)8961-AC26-16। প্রথমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত জাত BRRI dhan29 এর সাথে FL378 এর সংকরায়ণ করা হয় এবং পরবর্তীতে Anther Culture করে সারিটি উদ্ভাবন করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৩ বছর ফলন পরীক্ষার করা হয় এবং পরবর্তীতে উক্ত কৌলিক সারিটি আমন ২০১৮ মৌসুমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা। ব্রি ধান১০৩ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। অঙ্গজ অবস্থায় গাছের আকার ও আকৃতি ব্রি ধান৮৭ থেকে ভিন্ন। চেকজাত ব্রি ধান৮৭ এর চেয়ে লম্বা। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১২৫ সেঃ মিঃ। দানা লম্বা ও চিকন। এ জাতের জীবন কাল ১২৮-১৩১ দিন। পাতা হালকা সবুজ। ডিগ পাতা খাড়া। পাকার সময় কান্ড এবং পাতা সবুজ থাকে। এ জাতের ধানের দানার রং খড়ের মত। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.৭ গ্রাম। এ ধানের অ্যামাইলোজের পরিমাণ ২৪%।

**আমন/২০২১-২০২২ মুল্যায়ন প্রতিবেদন:**

| ক্র নং. | কৃষি অঞ্চল | ট্রায়ালের স্থান | জীবনকাল (দিন) | | ফলন টন/হেক্টর | | মন্তব্য/ হেটোরোসিস (শতকরায়) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রস্তাবিত জাত ব্রি ধান১০৩ | চেকজাত ব্রি ধান৮৭ | প্রস্তাবিত জাত ব্রি ধান১০৩ | চেকজাত ব্রি ধান৮৭ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ |
| ১ | ঢাকা | ব্রি, গাজীপুর | ১৩০ | ১২৭ | ৪.৯৬ | ৪.৩৪ | +১৪.২৮% |
| ২ | ময়মনসিংহ | বিনা | ১২২ | ১২১ | ৭.৭৫ | ৭.২৩ | +৭.১৯% |
| ৩ | ফরিদপুর | ব্রি, ফরিদপুর | ১৩৫ | ১৩৩ | ৫.০১ | ৫.৫৪ | -৯.৫% |
| ৪ | যশোর | নরেন্দ্র, যশোর সদর | ১৩১ | ১২৯ | ৬.৩৩ | ৬.২২ | +১.৭৬% |

| ক্র নং. | কৃষি অঞ্চল | ট্রায়ালের স্থান | জীবনকাল (দিন) | | ফলন টন/হেক্টর | | মন্তব্য হেটারোসিস (শতকরা) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রস্তাবিত জাত ব্রি ধান১০৩ | চেকজাত ব্রি ধান৮৭ | প্রস্তাবিত জাত ব্রি ধান১০৩ | চেকজাত ব্রি ধান৮৭ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ |
| ৫ | চট্টগ্রাম | ফেনী সদর | ১২৫ | ১২৫ | ৬.৬৫ | ৫.১৭ | +২৮.৬২% |
| ৬ | কুমিল্লা | লাকসাম | ১৩৩ | ১৩৪ | ৬.৯১ | ৫.৭৭ | +১৯.৭৫% |
| ৭ | বগুড়া | সদর বগুড়া, বগুড়া | ১২১ | ১২১ | ৫.২৫ | ৫.০৭ | ৩.৫৫% বগুড়া অঞ্চলে মাজরা পোকার আক্রমন ও False Smut রোগের প্রকোপ বেশী পাওয়া যায়। |
| ৮ | বরিশাল | বাবুগঞ্জ | ১৫৪ | ১৫৩ | ৬.৪০ | ৫.০৭ | ২৬.২% বরিশাল অঞ্চলে চারার বৃদ্ধি অবস্থায় ১০-১২ দিন নিমজ্জিত (Water Lodging) থাকায় স্বাভাবিক জীবনকাল থেকে প্রায় ২০ দিন বৃদ্ধি পায়। |
| ৯ | রংপুর | ব্রি, রংপুর | ১৩২ | ১২৮ | ৪.৬৯ | ২.৮২ | ৬৬.৩% রংপুর অঞ্চলে চেক জাতটি ৫০% Lodging হয়। |
| ১০ | দিনাজপুর | দিনাজপুর সদর | ১৩৯ | ১৩৯ | ৭.৯৮ | ৬.৭১ | ১৮.৯২% |
| | | গড় | ১৩২ | ১৩১ | ৬.১৯ | ৫.৩৯ | |

২০২১-২২ খরিফ-২ মৌসুমে ১০টি অঞ্চলের মধ্যে ৬টি অঞ্চলে উক্ত জাতটির চেক জাত ব্রি ধান৮৭ হতে ১০% ফলন বেশী পাওয়া গেছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.১৯ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৮৭ এর গড় ফলন

৫.৩৯ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৩২ দিন এবং ১৩১ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ৬টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৮৭ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, ব্রি কর্তৃক উদ্ভাবিত লাইনটি ৬টি অঞ্চলে চেকজাত হতে ১০% বেশী ফলন হয়েছে। তবে ১০টি অঞ্চলের ফলাফলে Consistency নেই। ড. মো: আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি বলেন প্রস্তাবিত জাতটির অঞ্চল ভিত্তিক ১০% ফলন বেশী হলেও ফরিদপুর, রংপুর ও বরিশাল অঞ্চলের হেটোরোসিস যথাক্রমে -৯.৫%, ৬৬.৩% এবং ২৬.২% যা স্বাভাবিক নয়। এ বিষয়ে মো: আশরাফ উদ্দিন, অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) জানান যে, উল্লিখিত ফলনের অসামঞ্জস্যতা ব্রি'র স্টেশনগুলোতে পরিলক্ষিত হয়েছে এবং এর জন্য ২টি লোকেশনে বিশেষ কারণও রয়েছে। ড. মো: আব্দুল মালেক, পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ বলেন, আমন ধানের প্রস্তাবিত জাতটির গড় ফলন হয়েছে ৬.১৯ মে.টন/হেক্টর যা যথেষ্ট ভালো ফলন। তাই প্রস্তাবিত জাতটিকে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: যেহেতু শর্ত অনুযায়ী প্রস্তাবিত জাতটি চেক জাতের চেয়ে ৬টি অঞ্চলে ফলন ১০% এর বেশী হয়েছে তাই ইনব্রিড ধানের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি ২০১৯ অনুযায়ী ব্রি কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারিটি BR(Bio)8961-AC26-16 আমন মৌসুমে ব্রি ধান১০৩ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৪: পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়ন উপকমিটির খসড়া গাইডলাইন উপস্থাপন।**

ইনব্রিড পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়ন উপকমিটির ৩টি সভা কৃষিবিদ ড. নার্গীস আক্তার, পরিচালক (কৃষি), বিজেআরআই, ঢাকা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় "পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন" শিরোনাম পরিবর্তন করে "পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন এবং ছাড়করণ খসড়া গাইডলাইন" হিসেবে নির্ধারণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে কিছু বিষয়ে সংশোধনীসহ গাইডলাইনটি উপস্থাপন করা হয়।

এ প্রেক্ষিতে পাট, কেনাফ ও মেস্তার জাত ছাড়করণ পদ্ধতি প্রণয়নের যৌক্তিকতা বিষয়ে জানতে চাওয়া হলে ড. নার্গিস আক্তার, পরিচালক (কৃষি) বলেন, গাইডলাইন প্রস্তুতির পূর্বে পাট, কেনাফ ও মেস্তার DUS Test করা হতো কিন্তু ধান, গম ও আখের মত জাত মূল্যায়ন বা পদ্ধতি ছিল না। সে প্রেক্ষিতে বর্তমান গাইডলাইনটি প্রণয়ন করা হয়েছে।

**সিদ্ধান্ত: সার্বিক দিক বিবেচনায় "পাট, কেনাফ ও মেস্তার জাত মূল্যায়ন ও ছাড়করণের পদ্ধতির খসড়া গাইডলাইন"টি অনুমোদনের জন্য সুপারিশ করা হলো। (সংযুক্তি-১)**

**আলোচ্য বিষয় ৫: ইনব্রিড ধান এবং গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি ২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

ইনব্রিড ধান এবং গম এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি ২০১৯ এর ৩ নং অনুচ্ছেদে বলা হয়েছে "প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত এর চেয়ে ৬টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশী ফলন বা বিশেষ গুণসম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।" বিশেষগুণ বলতে কোন কোন বৈশিষ্ট্যসমূহ বিবেচ্য (যেমন: নির্দিষ্ট রোগ পোকামাকড় প্রতিরোধী, জিংক সমৃদ্ধ, আয়রণ সমৃদ্ধ, প্রোটিন সমৃদ্ধ, রাইস ব্রান অয়েল এর পরিমাণ, Vitamin-A সমৃদ্ধ, Alkali Spreading Value, Gel Consistency ইত্যাদি) তা উল্লেখ থাকা আবশ্যক।

এ প্রেক্ষিতে ড. মো: আজীজ জীলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি বলেন, বিশেষ গুণসম্পন্ন হলে প্রস্তাবিত জাত চেকজাতের চেয়ে ১০% ফলন বেশী না হলেও একটি ন্যূনতম Yield থাকতে হবে। বিশেষ গুণসম্পন্ন জাতে ফলনে ছাড় দিতে হবে। আলোচনার এ পর্যায়ে জানব মো: শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি বলেন, প্রস্তাবিত জাতে বিশেষগুণ (যেমন- জিংক) থাকার ফলে ইতিপূর্বে কম Yield সম্পন্ন একটি জাত ছাড়করণ করা হয়েছে। জনাব আহমেদ শাফী, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, ঢাকা বলেন, ইনব্রিড ধান ও গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি যেহেতু বীজ বিধিমালা-২০২০ প্রণয়নের পূর্বে অনুমোদিত হয়েছে সেহেতু বীজ বিধিমালা-২০২০ এর সাথে সামঞ্জস্য রেখে ইনব্রিড ধান, ইনব্রিড গম, আখ এবং আলুর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতিগুলোর সংশোধনী আনয়নের জন্য একটি উপ কমিটি গঠন করা যেতে পারে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, বীজ বিধি-২০২০ এর সাথে মিল রেখে বিদ্যমান ইনব্রিড ধান ও গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, আখের জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতি এবং আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতিরও যথোপযুক্ত সংশোধনীর প্রয়োজন। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ৯ (নয়) সদস্য বিশিষ্ট নিম্নলিখিত উপ কমিটি গঠনের প্রস্তাব করেন।

**নোটিফাইড ফসলের জাত উন্নয়ন এবং ছাড়করণের প্রণয়ন উপ কমিটির সদস্যগণ নিম্নরুপ:**

| ক্র:নং | নাম, পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | মো: আমিনুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সভাপতি |
| ২ | আহমেদ শাফী, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা | সদস্য |
| ৩ | ড. নার্গীস আক্তার, পরিচালক (কৃষি), বিজেআরআই, ঢাকা | সদস্য |
| ৪ | ড. মো: আখতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | ড. সাহানাজ সুলতানা, পিএসও, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বিএডিসি | সদস্য |
| ৭ | মাহবুব রহমান, প্রতিনিধি, বাংলাদেশ সীড এসোসিয়েশন | সদস্য |
| ৮ | মো: শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি | সদস্য |
| ৯ | মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি, উপ পরিচালক, মান নিয়ন্ত্রণ, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সদস্য সচিব |

সিদ্ধান্ত: **বীজ বিধিমালা-২০২০ এর সাথে সামঞ্জস্য রেখে ইনব্রিড ধান, ইনব্রিড গম, আখ এবং আলুর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতিগুলোর সংশোধনী আনয়নের জন্য ৯ (নয়) সদস্য বিশিষ্ট উপ কমিটি গঠন করা হলো এবং প্রয়োজনে উপ কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে। বীজ বিধি-২০২০ এর সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান ইনব্রিড ধান ও ইনব্রিড গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, আখের জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতি এবং আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতিরও যথোপযুক্তভাবে সংশোধনের জন্য প্রয়োজনীয় সংখ্যক সভা করে কারিগরি কমিটির নিকট সুপারিশ করবেন।**

**আলোচ্য বিষয় ৬: বিবিধ:**

**(ক) বিএডিসির আমন এর স্থানীয় উন্নত জাত জিরাশাইল/বাংলাশাইলকে 'বিএডিসি বাংলাজিরাশাইল' ধান এবং ভারতীয় পাটের জাত জেআরও-৫২৪ জাতকে 'বিএডিসি পাট১' নামে ছাড়করণ:**

বিএডিসির ২৮/০৪/২০২২ খ্রি: তারিখের স্মারক নং-১২.০৬.২৮৮.০০০০.৫০.০০৪.২০.১১৯ মোতাবেক ভারতীয় পাটের জাত জেআরও-৫২৪ কে "বিএডিসি পাট১" এবং একই তারিখের স্মারক নং- ১২.০৬.২৮৮.০০০০.৫০.০০৪.২০.১২০ এর আলোকে আমন ধান এর স্থানীয় উন্নত জাত জিরাশাইল/বাংলাশাইলকে "বিএডিসি বাংলাজিরাশাইল" ধান নামে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর ব্যবস্থা নেয়ার আবেদন করা হয়েছে। বীজ আইন, ২০১৮ এর ধারা-৭ এর উপধারা (২) বর্ণিত নিয়ন্ত্রিত ফসলের সংজ্ঞা অনুযায়ী ধান, গম, আখ, আলু, পাট কেনাফ এবং মেস্তা এই ৭ (সাত)টি ফসল নিয়ন্ত্রিত ফসল। তবে জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী, আলুকে সাময়িকভাবে ৩(তিন) বছরের জন্য অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষণা করা হয়েছে। জাতীয় বীজ বিধিমালা-২০২০ এর বিধি-১১ এর উপবিধি (২) অনুযায়ী নিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণের জন্য ফরম-১০ অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক বরাবর আবেদন দাখিল করতে হয়।

অতঃপর মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক ফসলের জাতগুলোর DUS পরীক্ষণ এবং VCU পরীক্ষাপূর্বক প্রাপ্ত ফলাফল কারিগরি কমিটির সভায় উপস্থাপন করেন। কারিগরি কমিটি প্রাপ্ত ফলাফলের অনুমোদন যোগ্যতা যাচাই-বাছাই করে ফসলের জাত ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করেন।

এনএসবিতে জাত অনুমোদিত হলে বীজ অনুবিভাগ হতে আবেদনকারী বীজ ডিলারকে নিবন্ধনের প্রত্যয়ন পত্র প্রদান করা হয় এবং জাত অবমুক্ত হয়। ধান এবং পাট নিয়ন্ত্রিত ফসল হওয়ায় এগুলোর ছাড়করণে উপর্যুক্ত পদ্ধতি অনুসরণ করা অত্যাবশ্যক। সেহেতু জাত ছাড়করার জন্য বীজ আইন-২০১৮ এবং বীজ বিধিমালা-২০২০ অনুসরণপূর্বক আমন এর স্থানীয় জাত জিরাশাইল এবং ভারতীয় পাটের জেআরও-৫২৪ জাতকে যথাক্রমে 'বিএডিসি বাংলাজিরাশাইল' এবং 'বিএডিসি পাট১' নামে ছাড়করণে উপর্যুক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

এ প্রেক্ষিতে জনাব মো: শাহজাহান আলী বলেন, বিএডিসি কোন Landrace কে নিজের নামে ব্যবহার করতে হলে উদ্ভিদ জাত সংরক্ষণ আইন-২০১৯ এর ধারাসমূহ অনুসরণ করতে হবে। ভারতীয় জাত জেআরও-৫২৪ কে বিএডিসি পাট১ নামে ছাড়করণ করতে হলে SAARC Seed Bank and SAARC Seed Forum এর প্রোটোকল অনুসরণ করতে হবে। বিএডিসি আমন এর স্থানীয় উন্নত জাত জিরাশাইল ধান এবং ভারতীয় পাটের জেআরও-৫২৪ জাতকে বিএডিসি পাট১ নামে ছাড়করণের আওতাভূক্ত করতে পারবে কিনা সে বিষয়ে প্রশ্ন উত্থাপিত হওয়ায় সভাপতি মহোদয় আরো যাচাই-বাছাই করে সর্বসম্মতিক্রমে আলোচ্য বিষয় ৫ এর সিদ্ধান্তের আলোকে গঠিত উপ কমিটির সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোকপাত করেন।

**সিদ্ধান্ত: আলোচ্য বিষয় ৫ এর সিদ্ধান্তের আলোকে গঠিত উপ কমিটির সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।**

**(খ) জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভার আলোকে ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল হাইব্রিড ধানের ফলন পরীক্ষা।**

জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভায় ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল হাইব্রিড ধানের ফলন পরীক্ষা করে বীজ প্রত্যয়ন এজেন্সীকে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত হয়। উক্ত সভায় ট্রায়াল বাস্তবায়নের খরচ কোথা থেকে নির্বাহ করা হবে সে বিষয়ে আলোকপাত করা হয়নি। বীজ প্রত্যয়ন এজেন্সী ইতোমধ্যে বোরো মৌসুমে ব্রি হাইব্রিড ধান২, ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫ জাতগুলোর ১ম বছরের

ট্রায়াল সম্পন্ন করেছে। পরবর্তী সময়ে বিভিন্ন মৌসুমে ট্রায়াল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উপকরণ ও ট্রায়াল খরচসহ সামগ্রিক খরচ নির্বাহের জন্য ব্রি কে বলা যেতে পারে। উল্লেখ্য, ব্রি এর হাইব্রিড ধানের জাতগুলোর ট্রায়াল বাস্তবায়নের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর অর্থ সংস্থানের ব্যবস্থা নেই। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** **ব্রি হাইব্রিড ধানের জাতগুলোর ট্রায়াল খরচ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর বহন করবে। এ ট্রায়াল ৬টি অঞ্চলের ৬টি Location (২টি অনস্টেশন ও ৪টি অনফার্ম) এ বাস্তবায়িত হবে।**

সভাপতি সভায় কমিটির সকল সদস্যের সময়মত উপস্থিতির জন্য গুরুত্বারোপ করেন। সভাপতি আরো বলেন, সভায় শুধুমাত্র কমিটির সদস্যগণকেই উপস্থিত থাকতে হবে এবং প্রতিনিধি কোনক্রমে গ্রহণযোগ্য হবে না। তবে বিশেষ কারণে কোন সদস্যের উপস্থিতি অসম্ভব হলে সভাপতির অনুমোদনক্রমে প্রতিনিধি পাঠাতে পারবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/10/2022

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
ও
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ফার্মগেট, ঢাকা-১২১৫